

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৪, ২০০৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৯ই আশ্বিন, ১৪১৩/২৪শে সেপ্টেম্বর, ২০০৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৯ই আশ্বিন, ১৪১৩ মোতাবেক ২৪শে সেপ্টেম্বর, ২০০৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৬ সনের ৩৮ নং আইন

কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে
বিধানকল্পে প্রণীত আইন

যেহেতু দেশে বাণিজ্যিক ভিত্তিতে কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালিত হইয়া আসিতেছে; এবং

যেহেতু উক্তরূপ কার্যক্রম তদারকি, নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) “অনুষ্ঠান” অর্থে কেবল নেটওয়ার্কে সম্প্রচারিত অনুষ্ঠান যথা—চলচ্চিত্র, ফিচার, নাটক, ধারাবাহিক নাটক, নৃত্য, সংগীত, ক্রীড়া, বিজ্ঞাপন, ম্যাগাজিন অনুষ্ঠান, যে কোন সবার বা নির্বাক শৈলী উপস্থাপন, যে কোন প্রতিবেদন ও সংবাদসহ প্রচারিত

(৮৪৮৭)

মূল্য : টাকা ৮.০০

যে কোন অনুষ্ঠানকে বুঝাইবে; এবং ভিডিও ক্যাসেট রেকর্ডার, ভিডিও ক্যাসেট প্রেয়ার, ভিডিও ক্যাসেট ডিস্ক, ডিজিটাল ভিডিও ডিস্ক ও অন্যান্য প্রযুক্তি দ্বারা পরিবেশিত যে কোন অনুষ্ঠান এবং অশ্লীল অনুষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে;

- (২) “অশ্লীল অনুষ্ঠান” অর্থে ধারা ১৯ এর উপ-ধারা (৯) এ উল্লিখিত যে কোন বা সকল প্রকার সম্প্রচারিত অনুষ্ঠানকে বুঝাইবে;
- (৩) “কেবল অপারেটর” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে এলাকাভিত্তিক ভূনির্ভর (টেরিস্ট্রিয়াল) চ্যানেল, উপগ্রহ বা স্যাটেলাইট চ্যানেল (ফ্রি টু এয়ার চ্যানেল ও পে-চ্যানেল), ইত্যাদি গ্রাহকদের উদ্দেশ্যে বাণিজ্যিক ভিত্তিতে সঞ্চালন এবং প্রেরণের জন্য কন্ট্রোল প্রকল্প হইতে সিগন্যাল প্রস্তুত করেন ও দর্শকের চাহিদা পূরণের লক্ষ্যে ফিড অপারেটর বা গ্রাহকের নিকট বিতরণ করেন; এবং মাল্টিপল সিস্টেম অপারেটরও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৪) “কেবল টেলিভিশন নেটওয়ার্ক” অর্থে এমন একটি পদ্ধতিকে বুঝাইবে যাহার নিজস্ব, লীজ বা ভাড়া কৃত নিয়ন্ত্রিত সম্প্রচার লাইন বা মাল্টি চ্যানেল মাল্টি পয়েন্ট ডিস্ট্রিবিউশন সার্ভিস (এম.এম. ডি. এস) বা ডাইরেক্ট টু হোম (ডি. টি. এইচ) থাকিবে এবং সংযুক্ত সিগন্যাল প্রস্তুতকরণ, নিয়ন্ত্রণ ও বহুবিধ গ্রাহকের চাহিদা মিটাইবার জন্য প্রয়োজনীয় বিতরণ যন্ত্রপাতি থাকিবে;
- (৫) “গ্রাহক” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল টেলিভিশন নেটওয়ার্কের সিগন্যাল কেবল অপারেটরের নিকট হইতে তদকর্তৃক নির্দিষ্টকৃত কোন স্থানে, অন্য কোন ব্যক্তির নিকট সঞ্চালন বা সম্প্রচার করা ব্যতিরেকে, গ্রহণ করেন;
- (৬) “চ্যানেল” অর্থ পে-চ্যানেল বা ফ্রি টু এয়ার চ্যানেল;
- (৭) “ডাউন লিংক” অর্থ স্যাটেলাইট হইতে সিগন্যাল গ্রহণ করা;
- (৮) “ডি. টি. এইচ (DTH)” অর্থে উপগ্রহের মাধ্যমে সম্প্রচারিত অনুষ্ঠানকে ক্ষুদ্রাকৃতির ডিশের মাধ্যমে সরাসরি গ্রহণ করিবার প্রযুক্তিকে বুঝাইবে;
- (৯) “ডিস্ট্রিবিউটর” অর্থ এমন ব্যক্তি যিনি দেশী বা বিদেশী কোন চ্যানেলের ব্রডকাস্টারের স্থানীয় পরিবেশক হিসাবে ঐ চ্যানেলের অনুষ্ঠান ধারণের লক্ষ্যে ডিকোডার, চিপস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানী করিয়া বাণিজ্যিক ভিত্তিতে সেবা প্রদানকারীর নিকট সরবরাহ করেন;
- (১০) “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত বা অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত;
- (১১) “ফিড অপারেটর” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল অপারেটরের নিকট হইতে সিগন্যাল গ্রহণ করিয়া নির্ধারিত ফি’র বিনিময়ে গ্রাহককে সংযোগ প্রদান করেন;

